অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/21/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ফিঙ্গার লেকস জলাধার অঞ্চলে পানির গুণমান উন্নয়নে গতি আনার এবং ক্ষতিকর শৈবাল বৃদ্ধি নিরসনে কাজ করার জন্য অতিরিক্ত পদক্ষেপ গ্রহণের ঘোষণা দিয়েছেন

ফিঙ্গার লেকস জলাধার এলাকার 11-কাউন্টিতে পানির গুণমান বজায় রাখা এবং ক্ষতিকর শৈবাল বৃদ্ধির প্রভাব কমানোর লক্ষ্যে সেরা ব্যবস্থাপনা পদ্ধতি বাস্তবায়নের জন্য প্রায় 42 মিলিয়ন ডলার বরাদ্দ দেওয়া হবে

এই পদক্ষেপ বর্তমান রেকর্ড পরিমাণ বিনিয়োগকে আরো এগিয়ে নিয়ে যাচ্ছে, যার লক্ষ্যই হলো ক্ষতিকর শৈবাল বৃদ্ধির ঘনত্ব কমানো, পলিপ্রবাহ প্রতিরোধ করা, পানীয় জল সুরক্ষা এবং স্থানীয় কৃষকদের সহায়তা প্রদান করা

আজকে গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) ঘোষণা দিয়েছেন যে, ফিঙ্গার লেকস জলাধার এলাকায় ক্ষতিকর শৈবাল বৃদ্ধির প্রভাব কমাতে অগ্রাধিকারপ্রাপ্ত প্রকল্পগুলোর বাস্তবায়ন শুরু করার জন্য ইস্টার্ন ফিঙ্গার লেকস কোয়ালিশনকে (Eastern Finger Lakes Coalition) 42 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ প্রদান করা হবে। ইস্টার্ন ফিঙ্গার লেকস জলাধারে নিউট্রিয়েন্ট এবং পলির প্রবাহ আরো কমানোর প্রচেষ্টায় কোয়ালিশনটি খামারের ভেতরে এবং বাইরে প্রকল্পগুলি বাস্তবায়ন করবে যা ফেডারেল এবং স্টেট-অনুমোদিত বিশুদ্ধ পানির পরিকল্পনা এবং অন্যান্য দূষণ প্রতিরোধ পরিকল্পনার সাথে সামঞ্জস্যপূর্ণ। এই বিনিয়োগ গভর্নরের 2024 সালের স্টেট অফ দ্য স্টেট প্রতিশ্রুতির একটি অংশ, যার লক্ষ্যই হলো ক্ষতিকারক শৈবাল বৃদ্ধির (Harmful Algal Blooms, HAB) নিয়ন্ত্রণযোগ্য কারণগুলি মোকাবেলা করার জন্য প্রয়োজনীয় অন-দ্য-মাউন্ট অ্যাকশন তৈরি করা এবং এর প্রকোপ উল্লেখযোগ্যভাবে হ্রাস করা, একই সাথে লেকে নিউট্রিয়েন্ট এবং পলির প্রবাহ রোধ এবং জলবায়ু স্থিতিস্থাপকতা উন্নত করার জন্য প্রকল্পগুলিকে সহায়তা করা।

"নিউ ইয়র্ক স্টেটের জন্য স্টেটের পানি সরবরাহ রক্ষা করা সর্বোচ্চ অগ্রাধিকার," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আমরা এই অর্থায়ন দ্রুত সরবরাহ করছি, যাতে জলাধার সুরক্ষা ও পুনরুদ্ধার কার্যক্রমকে আরো দ্রুত ত্বরান্বিত করা যায়—যার মাধ্যমে ফিঙ্গার লেকস অঞ্চলে নিউট্রিয়ান্ট প্রবাহ হ্রাস পাবে, পানির গুণমান উন্নত হবে এবং HABs-এর ঘনত্ব কমবে এবং একইসঙ্গে এটি নিউ ইয়র্কের কৃষি শিল্পকে সহায়তা করার জন্য স্থিতিশীলতা গড়ে তুলতে সহায়ক

হবে। পরিষ্কার পানি আমাদের সমাজের সুস্বাস্থ্য রক্ষা, পরিবেশ সংরক্ষণ এবং ফিঙ্গার লেকস অঞ্চলের স্থানীয় অর্থনীতিকে সহায়তা করার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।"

নিউ ইয়র্ক স্টেট 2024 সালের আগস্টে মাসে ঘোষণা করে যে, 2022 সালের ক্লিন ওয়াটার, ক্লিন এয়ার এবং গ্রীন জবস পরিবেশগত বন্ড আইন এবং (Clean Water, Clean Air and Green Jobs Environmental Bond Act) অন্যান্য মূলধন রিসোর্সের সহায়তায় 42 মিলিয়ন মার্কিন ডলার ইস্টার্ন ফিঙ্গার লেকস কোয়ালিশনকে বরাদ্দ প্রদান করা হয়েছে যাতে ফিঙ্গার লেকস জলাধার এলাকার পানির গুণমান রক্ষা এবং উন্নয়নে বিনিয়োগ এবং ক্ষতিকর শৈবাল বৃদ্ধির (HAB) প্রভাব কমানো সম্ভব হয়। বিভিন্ন কারনে ক্ষতিকর শৈবাল বৃদ্ধি (HAB) হয়ে থাকে এবং এটি জনস্বাস্থ্য, বিনোদন এবং স্থানীয় অর্থনীতির ওপর প্রভাব ফেলে। এই কোয়ালিশনটি 11 সয়েল ও ওয়াটার কনজারভেশন ডিস্ট্রিক্ট এবং নিউ ইয়র্কের সাতটি ফিঙ্গার লেকস - ক্যানানডাইগুয়া (Canandaigua), কেউকা (Keuka), সেনেকা (Seneca), কায়ুগা (Cayuga), ওয়াসকো (Owasco), স্ক্যানিয়েটেলস (Skaneateles) এবং ওটিসকো (Otisco) এবং তাদের জলাধারগুলোকে অন্তর্ভুক্ত করে।

এই নির্দিষ্ট বরাদ্দটি খুব দ্রুতই কোয়ালিশনের জন্য নির্ধারিত হবে, খামারের ভেতরে এবং বাইরে উভয় ক্ষেত্রেই উদ্ভাবনী কৃষি এবং স্থিতিস্থাপকতা প্রকল্পগুলোকে সমর্থন করবে। এই গুরুত্বপূর্ণ বিনিয়োগ কেবল ফিঙ্গার লেকসের পরিবেশনই রক্ষা করবে না বরং ক্ষয় ও পলি নিয়ন্ত্রণ, নিউট্রিয়ান্ট ব্যবস্থাপনা এবং বৃষ্টির পানির ব্যবস্থাপনার মতো সর্বোত্তম ব্যবস্থাপনা অনুশীলন বাস্তবায়নের জন্য অতিরিক্ত রিসোর্স সরবরাহ করে স্থানীয় কৃষকদের সহায়তা করবে যা সমগ্র অঞ্চল জুড়ে পরিষ্কার পানি এবং মাটির স্বাস্থ্যে অবদান রাখবে।

কোয়ালিশনের এই সরাসরি সহায়তা ডিপার্টমেন্ট অব এগ্রিকালচার অ্যান্ড মার্কেট (Department of Agriculture and Markets, AGM) এবং ডিপার্টমেন্ট অব এনভায়ার্নমেন্টাল কনজারভেশন (Department of Environmental Conservation, DEC) এর অংশীদারিত্বের একটি অংশ এবং স্টেট সয়েল অ্যান্ড ওয়াটার কনজারভেশন কমিটি (State Soil and Water Conservation Committee) এবং ইস্টার্ন ফিঙ্গার লেকসের 11 সয়েল অ্যান্ড ওয়াটার কনজারভেশন ডিস্টিক্ট (Soil and Water Conservation Districts, SWCD) এর সাথে পানির গুণমান উন্নত করতে এবং HAB দমিত করার জন্য জলাধার সুরক্ষা এবং পুনরুদ্ধার ব্যবস্থাকে এগিয়ে নিয়ে যাবে।

প্রকল্পগুলোর লক্ষ্য হবে:

- কৃষকদের কৃষি কর্মকাণ্ড থেকে সৃষ্ট পানি দূষণ কমাতে এগ্রিকালচার এনভায়ার্নমেন্টাল ম্যানেজমেন্ট (Agricultural Environmental Management, AEM) প্রোগ্রামের প্রকল্পগুলো বাস্তবায়ন করা;
- বন্যা প্রতিরোধ ক্ষমতা বাড়ানো, যার মাধ্যমে ঝুঁকিপূর্ণ নদী-নালা স্থিতিশীল ও সুরক্ষিত করা, পলিপ্রবাহ কমানো, কালভার্ট উন্নত করা এবং খাড়াভাবে থাকা রাস্তার ড্রেনগুলোতে পানি নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রয়োগ করে পলিপ্রবাহ এবং মাটি ক্ষয় হ্রাস করা; এবং
- জলাধার-ভিত্তিক পরিকল্পনায় বর্ণিত নিউট্রিয়ান্ট কমানোর কৌশলগুলোকে সহায়তা করা।

ডিপার্টমেন্ট অব এনভায়ার্নমেন্টাল কনজারভেশন অ্যাক্টিং কমিশনার Amanda Lefton (অ্যামান্ডা লেফটন) বলেন, "HAB-এর ফ্রিকোয়েন্সি কমাতে গভর্নর Hochul (হোকল) এর টেকসই বিনিয়োগ ইস্টার্ন ফিঙ্গার লেকস কোয়ালিশনের জন্য চলমান সহায়তার মাধ্যমে স্পষ্ট, সেইসাথে রেকর্ড পরিকাঠামো তহবিল এবং টেকসই কৃষি সহায়তা যা স্টেট ব্যাপী জলাধানের মান উন্নত করতে সহায়তা করে। DEC কোয়ালিশন এবং স্টেট ও স্থানীয় পর্যায়ের আমাদের বহু অংশীদারদের সাথে সহযোগিতায় ফিঙ্গার লেকস এবং নদীগুলোর দীর্ঘমেয়াদী সুরক্ষা নিশ্চিত করতে আগ্রহী, যেগুলো এই এলাকার প্রাণবন্ত কমিউনিটির জন্য অগণিত পরিবেশগত, স্বাস্থ্যগত ও অর্থনৈতিক অবদান প্রদান করে।"

স্টেট এগ্রিকালচার (State Agriculture) কমিশনার Richard A. Ball (রিচার্ড এ. বল) বলেন, "HAB-এর ঘটনা কমাতে আমরা যে কাজ করছি তাতে আমরা গর্বিত; তবে, আমরা জানি যে ফিঙ্গার লেকস সহ আমাদের জলাধারে এই সমস্যা সমাধানের জন্য আরো অনেক কিছু করা দরকার। যেমন, আমরা ব্যাপক কর্মপরিকল্পনা তৈরি করছি যা কেবল পানি দূষণ রোধ, নিউট্রিয়ান্ট ব্যবস্থাপনা উন্নত করা এবং ক্ষয় কমাতে আমাদের বর্তমান কাজের উপর ভিত্তি করেই কাজ করবে না, বরং একটি টেকসই পরিবেশ এবং পরিষ্কার জলাশয়ের জন্য আমাদের ভবিষ্যতের লক্ষ্যগুলোকেও নির্দেশ করবে। এই অর্থায়নের মাধ্যমে আমাদের সয়েল এন্ড ওয়াটার কনজারভেশন ডিস্ট্রিক্ট স্থানীয় খামারগুলোর পাশাপাশি স্থানীয় সরকারগুলোর সাথে মিলিতভাবে এমন ব্যবস্থাপনা প্রকল্প বাস্তবায়ন করতে পারবে, যা জলপথে পলিমাটি ও নিউট্রিয়ান্ট প্রবেশ উল্লেখযোগ্যভাবে হ্রাস করবে এবং এখন ও ভবিষ্যতের জন্য এই অঞ্চলের পানির গুণমান রক্ষা করবে।"

স্টেট হেলথ (State Health Department) কমিশনার Dr. James McDonald (ড. জেমস ম্যাকডোনাল্ড) বলেন, "ফিঙ্গার লেকস জলাধার অঞ্চলে পানির গুণমান উন্নয়ন এবং ক্ষতিকর শৈবাল বৃদ্ধির সমস্যা মোকাবিলায় গভর্নর Hochul (হোকল) এর অঙ্গীকারের প্রতিফলন হলো এই সাম্প্রতিক অর্থায়ন। স্টেট হেলথ ডিপার্টমেন্ট স্থানীয় জল সরবরাহকারী এবং আমাদের স্টেট অংশীদারদের সাথে অবকাঠামোগত উন্নয়ন এবং প্রযুক্তিগত সহায়তার জন্য আমাদের কাজ চালিয়ে যাবে যাতে আগামী বছরগুলিতে পানীয় জল সুরক্ষিত রাখা যায়।"

কায়ুগা SWCD এক্সিকিউটিভ ডিরেক্টর Doug Kierst (ডগ কিয়ার্স্ট) বলেন,, "NYS এর অব্যাহত সহায়তার মাধ্যমে সয়েল এন্ড ওয়াটার কনজারভেশন ডিস্ট্রিক্ট অব দ্য ইস্টার্ন ফিঙ্গার লেকস কোয়ালিশন বাস্তবতার নিরিখে প্রয়োজনে যেখানে সবচেয়ে জরুরী সেখানকার সেই সব এলাকায় সাধারণ বোধসম্পন্ন সংরক্ষণমূলক কার্যক্রম বাস্তবায়ন অব্যাহত রাখবে। এই নির্ধারিত বরাদ্দটি স্থানীয় SWCD-গুলোকে ফিঙ্গার লেকস অঞ্চল জুড়ে আমরা চিহ্নিত করেছি এমন প্রচুর সেরা ব্যবস্থাপনা অনুশীলন (Best Management Practices) বাস্তবায়নের উপর মনোনিবেশ করার সুযোগ প্রদান করবে। এই গুরুত্বপূর্ণ প্রকল্পগুলি সম্পন্ন হলে স্থানীয় জলাধারে নিউট্রিয়ান্ট এবং পলি হ্রাসের মাধ্যমে পানির গুণমান সুরক্ষা সহজতর করবে, NYS বিশুদ্ধ জল লক্ষ্যগুলিকে সমর্থন করবে এবং কৃষি স্থায়িত্বশীলতা বজায় রাখবে।"

HAB প্রভাব হ্রাসের প্রচেষ্টা

এই বিনিয়োগটি HAB-এর মোকাবেলায় পেশাদার সক্ষমতা তৈরির জন্য ইস্টার্ন ফিঙ্গার লেকস কোয়ালিশনের জন্য 2024 সালের জুলাই মাসে গভর্নর কর্তৃক ঘোষিত 1.2 মিলিয়ন মার্কিন ডলারের উপর ভিত্তি করে প্রণয়ন করা হয়েছে। এতে কৃষকদের জন্য বর্ধিত কারিগরি সহায়তাও অন্তর্ভুক্ত ছিল, যাতে তারা আরো বেশি কভার ক্রপস চাষ করতে পারে, পলিপ্রবাহ হ্রাসে কালভার্ট উন্নত করতে পারে, মাটির স্বাস্থ্য উন্নত করতে পারে এবং এই অঞ্চলের পানির গুণমান হ্রাসের সমস্যা প্রতিরোধ করতে পারে।

গত পাঁচ বছরেরও বেশি সময় ধরে AGM প্রায় 125 মিলিয়ন ডলার বরাদ্দ করেছে - তার কৃষি ননপয়েন্ট সোর্স অ্যাবেটমেন্ট অ্যান্ড কন্ট্রোল (Agricultural Nonpoint Source Abatement and Control), ক্লাইমেট রেজিলিয়েন্ট ফার্মিং (Climate Resilient Farming) এবং কৃষি পরিবেশ ব্যবস্থাপনা (AEM) প্রোগ্রামের মাধ্যমে - মাটি ও পানির গুণমান রক্ষা, প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ, জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াই এবং HAB সৃষ্টিকারী পরিস্থিতি, যেমন নিউট্রিয়ান্ট প্রবাহ এবং মাটির ক্ষয় এবং গ্রিনহাউস গ্যাস নির্গমন হ্রাস করে এমন খামার প্রকল্পগুলোতে।

বাজেটে নির্ধারিত বিভিন্ন অর্থায়নের মাধ্যমে ডিপার্টমেন্ট SWCDs-কে সহায়তা করে থাকে কারন সেটা নিউ ইয়র্কের খামারগুলোর পক্ষে কাজ করে পুষ্টিকর ও পলিপ্রবাহ নিয়ন্ত্রণে আরও কার্যকর পদ্ধতি বাস্তবায়ন করে। ডিপার্টমেন্টটি স্টেটের পৌরসভাগুলোর সাথে তাদের কাজের মধ্য দিয়েও SWCD-কে বৃষ্টির পানি ধারণ করা বাড়িয়ে তোলা এবং পানির সংরক্ষণকে উন্নত করে তোলার ক্ষেত্রে সহায়তা করে। এর সবগুলোই সেরা ব্যবস্থাপনা পদ্ধতির মাধ্যমে অর্জিত হয়, যেমন সার সংরক্ষণের মাধ্যমে নিউট্রিয়ান্ট ব্যবস্থাপনা, স্রোতের ধারে উদ্ভিদ সংরক্ষণ, সংরক্ষণ কভার ক্রপস, পানি ব্যবস্থাপনা এবং আরো অনেক কিছু।

2020 সাল থেকে ফিঙ্গার লেকস জলাধার অঞ্চলের জন্য নির্দিষ্টভাবে গত পাঁচ বছরে এই স্টেটের অন্তর্গত অঞ্চলের 370টি খামারে সেরা ব্যবস্থাপনা পদ্ধতি বাস্তবায়নের জন্য মোট 66 মিলিয়ন মার্কিন ডলারের বরাদ্দ দেওয়া হয়েছে। ফিঙ্গার লেকস অঞ্চলে অনুমোদিত প্রকল্পগুলোর মাধ্যমে প্রতি বছর 32,800 পাউন্ড মোট ফসফরাস, 746,000 পাউন্ড মোট নাইট্রোজেন এবং 43 মিলিয়ন পাউন্ড পলি কমিয়ে ফেলা সম্ভব হয়েছে। এই পদক্ষেপ গ্রহণের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটের কৃষিভিত্তিক গ্রিনহাউস গ্যাস নির্গমন প্রতি বছর প্রায় 43,000 মেট্রিক টন কার্বন ডাই-অক্সাইড সমপরিমাণে হ্রাস পেয়েছে এবং এটি স্টেটের জলপথগুলোতে HABs প্রতিরোধে দৃশ্যমান ও উল্লেখযোগ্য প্রভাব ফেলেছে।

2017 সাল থেকে DEC পানির ম্যান সুরক্ষিত ও উন্নত করার পরিষ্কার পানি পরিকল্পনা তৈরি করার জন্য ক্যানানডাইগুয়া, কেউকা, সেনেকা, ওসওয়াকো, এবং স্ক্যানেটেলস লেকের স্টেকহোল্ডারদের সাথে কাজ করছে। এছাড়াও, DEC কোনেসাস (Conesus), হোনোয়ে (Honeoye) এবং কায়ুগা হ্রদে মোট সর্বোচ্চ দৈনিক লোড বিশ্লেষণ সম্পন্ন করেছে (Total Maximum Daily Load)। HABs এর কারণ পরীক্ষা করতে এবং ক্ষতিকর প্রভাব হ্রাস করতে টেকসই সমাধান তৈরি করতে 2018 সালে DEC চারটি আঞ্চলিক সামিট সমবেত করে। DEC স্টেট এবং স্থানীয় অংশীদারদের সাথে কাজ করে 13টি উচ্চ-অগ্রাধিকারপ্রাপ্ত জলাধারের জন্য HABs কর্ম পরিকল্পনা তৈরি এবং বাস্তবায়ন করেছে, যার মধ্যে ইস্টার্ন ফিঙ্গার লেকসের বেশ কয়েকটি রয়েছে।

আজ পর্যন্ত নিউ ইয়র্ক স্টেট স্টেট ব্যাপী প্রকল্পগুলির জন্য 530 মিলিয়ন ডলারেরও বেশি অনুদান প্রদান করেছে যা ফসফরাস এবং নাইট্রোজেন দূষণকে লক্ষ্য করে শৈবাল বৃদ্ধির ফ্রিকোয়েন্সি কমাতে ডিজাইন করা হয়েছে, যা HAB সংঘটনের কারণ। DEC নিউ ইয়র্ক হার্মফুল অ্যালগাল ব্লুম সিস্টেম (New York Harmful Algal Bloom System, NYHABS) ওয়েবপেজও তৈরি করেছে, যেখানে একটি ইন্টারেক্টিভ মানচিত্র রয়েছে যা সক্রিয় HAB অবস্থানগুলো প্রদান করে। জনসাধারণের উচিত সন্দেহজনক HAB-এর প্রতিবেদন করা যাতে DEC বিশেষজ্ঞরা পর্যালোচনা করতে পারেন এবং সঠিকতার জন্য সনাক্ত করতে পারেন। যেহেতু একটি HAB এবং ক্ষতিকর নয় এমন শৈবাল প্রস্ফুটনের মধ্যকার পার্থক্য বুঝতে পারা কঠিন, তাই প্রস্ফুটনের সন্দেহ হলে সেই পানিতে সাঁতার, নৌকা চালানো, অন্যান্য বিনোদন কাজ বা খাওয়ার পানি হিসেবে ব্যবহার এড়িয়ে চলা উচিত। DEC মানুষকে "এটি জানুন, এড়িয়ে চলুন, রিপোর্ট করুন!" (Know it, Avoid it, Report it!) এ সারা বছর ধরে, বিশেষ করে গ্রীষ্মকালে অনুপ্রাণিত করে। গ্রীষ্মকালীন মাসগুলি HABs এর সবথেকে সম্ভাব্য সময়, উষ্ণতর তাপমাত্রা, অপেক্ষাকৃত শান্ত পরিস্থিতি, এবং আরো সূর্যালোক প্রায়শই প্রস্ফুটনে সাহায্য করে।

এছাড়াও, 2014 সাল থেকে পানির মান উন্নয়ন পরিকল্পনা ও বাস্তবায়নের জন্য ইস্টার্ন ফিঙ্গার লেকস জলাশয়ের মধ্যকার 96টি প্রকল্পকে DEC পানির মান উন্নয়ন প্রকল্প (Water Quality Improvement Project, WQIP) কর্মসূচি এবং কৃষিজ নয় এমন ননপয়েন্ট উৎসে পরিকল্পনা এবং MS4 ম্যাপিং অনুদানের (Non-agricultural Nonpoint Source Planning and MS4 Mapping Grant) মাধ্যমে 55.7 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদান করেছে। অর্থায়িত প্রকল্পসমূহ পরিকল্পনা প্রতিবেদন তৈরি করছে বা সরাসরি পানির মান বা আবাসস্থলের উন্নয়ন করছে, বন্যা ঝুঁকি হ্রাস, পুনঃস্থাপন, এবং বর্ধিত বন্যা ও জলবায়ু স্থিতিস্থাপকতার প্রসার করছে, বা খাওয়ার পানির কোনো উৎসকে সুরক্ষিত রাখছে। ইস্টার্ন ফিঙ্গার লেকস জলাশয়ে অর্থ প্রদানের ক্ষেত্রে মধ্যে রয়েছে উৎসে পানি সুরক্ষার জন্য ভূমি অধিগ্রহণ, বর্জ্যপানির জীবাণুমুক্তকরণ, স্যানিটারি সিউয়ার উপচে পড়ার ক্ষেত্রে উন্নয়ন, পলি এবং ভূমিক্ষয় নিয়ন্ত্রণ, জলাভূমির পুনঃস্থাপন, রিপারিয়ান বাফার, লবণের সংরক্ষণাগার, এবং জলজ প্রাণীর আবাসস্থল পুনঃস্থাপন।

DEC-এর জলের গুণমান উন্নয়ন প্রকল্প কর্মসূচির মাধ্যমে বর্তমানে কমপক্ষে 75 মিলিয়ন মার্কিন ডলার অনুদান পাওয়া যাচ্ছে যা নতুন প্রকল্পগুলিকে সমর্থন করবে যা HABs এবং অন্যান্য পদক্ষেপগুলিকে কমিয়ে আনতে সাহায্য করতে পারে যা সরাসরি জলের গুণমান বা আবাসস্থল উন্নত করতে, বন্যার ঝুঁকি কমাতে, পুনরুদ্ধার এবং বন্যা ও জলবায়ু স্থিতিস্থাপকতা বৃদ্ধি করতে অথবা পানীয় জলের উৎস রক্ষা করতে সহায়তা করতে পারে।

জলের গুণমান রক্ষায় সহায়তা করার জন্য সাম্প্রতিক অন্যান্য তহবিলের মধ্যে রয়েছে অবার্ন শহরকে (City of Auburn) 90 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি অনুদান এবং কম সুদে অর্থায়ন, যা গভর্নর Hochul (হোকল) এবং স্টেট এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশন (Environmental Facilities Corporation, EFC) কর্তৃক ঘোষিত। এটি বর্জ্যপানি সংশোধনাগার উন্নয়নের পরিকল্পনা, নকশা, এবং নির্মাণকে সমর্থন করবে। জলপ্রবাহ এবং অন্যান্য জলের গুণগত মান হ্রাস রোধকারী বাফারগুলোকে উৎসাহিত করতে, DEC কায়ুগা লেকের পাশে 287 একর কায়ুগা শোরস বন্যপ্রাণী ব্যবস্থাপনা এলাকা (Cayuga Shores Wildlife Management

Area) প্রতিষ্ঠা করেছে এবং ওয়াস্কো লেকের জলের গুণমান রক্ষার জন্য জমি অধিগ্রহণের জন্য ফিঙ্গার লেকস ল্যান্ড ট্রাস্টকে 1.2 মিলিয়ন মার্কিন ডলার (Finger Lakes Land Trust) প্রদান করেছে।

পানির মানের প্রতি নিউ ইয়র্কের প্রতিশ্রুতি

নিউ ইয়র্ক স্টেট পানির অবকাঠামোতে তার জাতীয়-নেতৃস্থানীয় বিনিয়োগ বৃদ্ধি করে চলেছে। গভর্নর Hochul (হোকল) কর্তৃক ঘোষিত 2025-2026 সালের প্রণীত স্টেট বাজেটে বিশুদ্ধ পানির অবকাঠামোর জন্য অতিরিক্ত 500 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দের মাধ্যমে 2017 সাল থেকে নিউ ইয়র্ক জলের অবকাঠামোতে মোট 6 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে। পাশাপাশি, 4.2 বিলিয়ন মার্কিন ডলারের এনভায়রনমেন্টাল বন্ড আইনটি (Environmental Bond Act) স্টেট এজেন্সি, এবং অংশীদারদেরকে পানির মান সুরক্ষিত রাখা, সম্প্রদায়সমূহকে জলবায়ু পরিবর্তনের অভিযোজনে সাহায্য করা, স্থিতিস্থাপকতা উন্নত করা, এবং সবুজ কর্মসংস্থান তৈরি করার তহবিল পেতে সাহায্য করবে। বন্ড আইনের তহবিলটি পুরো স্টেটে নতুন ও সম্প্রসারিত প্রকল্পসমূহকে সমর্থন করবে যা খাবার পানির উৎসকে নিরাপদ রাখবে, দূষণ হ্রাস করবে, এবং সম্প্রদায় ও প্রাকৃতিক সংস্থানকে জলবায়ু পরিবর্তন থেকে রক্ষা করবে।

এছাড়াও,সকল সম্প্রদায়কে, বিশেষ করে ক্ষুদ্র, গ্রামীণ, এবং সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহকে সহায়তা পেতে সাহায্য করার জন্য গভর্নর EFC এর সম্প্রদায় সহায়তা দলকে সম্প্রসারিত করেছেন যাতে করে তারা এই তহবিলকে কাজে লাগিয়ে তাদের পরিষ্কার পানির অবকাঠামোর চাহিদা পূরণ করতে পারে। যে কমিউনিটিতেই তাদের পানির পরিকাঠামোর অর্থায়নে সাহায্যের প্রয়োজন, তাদেরকে EFC-এর সাথে যোগাযোগ করতে উৎসাহিত করা হচ্ছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন